

কাব্য কণিকা

সুপ্রতীক অরূপ

ঈশ্বরের কাছে প্রার্থনা করি
তোমার হাসি দেখতে দেখতে
যেন নিশব্দে সরে পড়ি
তুমি সুখি এই দেখে দূর থেকে
একদিন উষা লগ্নে তোমার খোলা চুলে
আঙ্গুল চালিয়ে পৃথিবীর সব কিছুর ভুলে
যেন আকাশে জমাই অসীম পাড়ি



একটা পাপ করব
শেষ নিঃশ্বাস ত্যাগের পর
বন্ধুরা যাবে পায়ে হেঁটে
আমি তাদের কাঁধের ওপর



নিদ্রাহীন রাত
পাথর বোঝাই বুক
হারিয়ে গেছে সুখ
অষ্টমীর সকাল
ধূসর মেঘে ঢাকা মনের বিকেল
সব দোষ আকাশের
দামাল দাপট বাতাসের
তুমি নীরব, কান্নাহীন প্রেম
আর লিখনা শেম শেম



২৬/১০/২০০৭

কাব্য কণিকা
সুপ্রতী ক অরূপ

বন্ধু বলে ডেকেছ
বন্ধুত্ব বজায় রেখেছ
কথার হার গেঁথেছ
কথার মাঝে রেখেছ
কথামালা গেঁথে যেও
থেমনা মোর নাম লিখে যেও
তোমার প্রাণ তো কভু চাইবোনা
তোমার মনের কোল ছাড়বোনা



যদি বলি আর লিখবনা
যদি বলি কাল থেকে আর বাঁচবনা
তুমি মরমে মরে যাবে
নিজেকে শেষ করে দেবে
আমার জন্যে একটা পদ্ম পাতার বিছানা ভাসাবে
তোমার মনের ঠিকানায় আমার একটা ঘর হবে
এক থালা চাঁদ আমাকে এনে দেবে
তুমি কি পর জনমে ওগো আমার হবে!



২৬/১০/২০০৭